শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬

স্মারক নং-বশেমুরকৃবি/কাউন্সিল/এফ-১১৩/২০২৩/১৫৯১ তারিখ: ০৭/০৬/২০২৩

একাডেমিক কাউন্সিল এর ০৬/০৬/২০২৩ তারিখ বেলা ২:৪৫ ঘটিকায় অনুষ্ঠিত ১৪৪তম (জরুরী) সভার কার্যবিবরণী।

একাডেমিক কাউন্সিল এর ১৪৪তম (জরুরী) সভা ০৬/০৬/২০২৩ তারিখ বেলা ২:৪৫ ঘটিকায় মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া এর সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। তিনি সাম্প্রতিক সময়ে, দীর্ঘ ০৬ বছর পর দুই সহস্রাধিক গ্র্যাজুয়েটদের ডিগ্রি প্রদানে আয়োজিত বশেমুরকৃবির ৪র্থ সমাবর্তন সাফল্যজনকভাবে সম্পন্ন হওয়া; চলতি বছরে পর-পর দু'টি স্বনামধন্য আন্তর্জাতিক র‍্যাকিংয়ে গৌরবজনক অবস্থান - জুন ০১ এ প্রকাশিত টাইমস হায়ার এডুকেশন (THE) Impact Ranking এ বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে শীর্ষস্থান ও মে ১৮ তে প্রকাশিত The World University Rankings for Innovation (WURI) র‍্যাংকিংয়ে বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের একমাত্র প্রতিনিধি হিসেবে বশেমুরকৃবির মর্যাদাপূর্ণ অবস্থান অর্জনের বিষয়টি একাডেমিক কাউন্সিল সভায় অবহিত করেন। সভাপতি মহোদয় উল্লেখিত এসব অর্জনে সংশ্লিষ্ট সকল মহলের আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং ভবিষ্যতে এধরনের অর্জনের ধারাবাহিকতা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অত:পর রেজিস্ট্রার মহোদয়কে কার্যপত্র অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-১ (ক): ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদের ডিভিএম প্রোগ্রামের OBE অনুমোদন প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (ক): বশেমুরকৃবি'র ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদের ডিভিএম প্রোগ্রামের কোর্স কারিকুলামের অন্তর্ভূক্ত সকল কোর্সের তৈরিকৃত OBE নীতিগতভাবে অনুমোদন করা হলো। তবে একাডেমিক কাউন্সিল সদস্যগণের পরমর্শ মোতাবেক পরিমার্জনকরত: পরবর্তীতে একাডেমিক কাউন্সিল সভায় অবহিত করার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো।

কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

ডীন, ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ	আহ্বায়ক
পরিচালক, IQAC	সদস্য
প্রফেসর ড. মো. গোলাম রসুল, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ	সদস্য
প্রফেসর ড. আবু নসর মো. আমিনুর রহমান, গাইনিকোলজি, অবস্টেট্রিক্স এন্ড রিপ্রোডাক্টিভ হেলথ বিভাগ	সদস্য
প্রফেসর ড. এ. কে. এম আমিনুল ইসলাম, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ	সদস্য
প্রফেসর ড. মো. মোর্শেদুর রহমান, ডেয়রি এন্ড পোল্ট্রি সায়েন্স বিভাগ	সদস্য
প্রফেসর ড. শেখ শামীম হাসান, কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন বিভাগ	সদস্য

(খ): দেশী-বিদেশী প্রতিষ্ঠান হতে স্কলারশিপ নিয়ে বশেমুরকৃবিতে পোস্ট ডক্টরাল প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (খ): GIFS/USask, কানাডা হতে বশেমুরকৃবিতে পোস্ট-ডক্টরাল প্রোগ্রামে গবেষকদের আর্থিক বিষয়ে প্রেরিত Sub-Agreement টি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক যাচাই বাছাইকরত: দাখিলকৃত সংশোধনী সিন্ডিকেটের অনুমোদনের লক্ষ্যে সুপারিশ করা হলো।

(গ): গ্র্যাজুয়েট প্রোগ্রামের নিলুফার ইসলাম, রেজি: নং ২০১৮-০৫-৪৮৬৪ কৃষিতত্ত্ব বিভাগ এর শিক্ষা কার্যক্রমের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (গ): কৃষিতত্ত্ব বিভাগে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নরত ছাত্রী নিলুফার ইসলাম, রেজি: নং ২০১৮-০৫-৪৮৬৪ এর ১৪/০২/২০২৩ তারিখের আবেদনে সংশ্লিষ্ট মেজর প্রফেসর, বিভাগীয় প্রধান এবং ডীন মহোদয়ের সুপারিশের প্রেক্ষিতে পুন:ভর্তি সাপেক্ষে তার শিক্ষা কার্যক্রমের মেয়াদ ০১ (এক) টার্ম (সামার ২০২৩) বৃদ্ধি করা হলো।

(ঘ): গ্র্যাজুয়েট প্রোগ্রামের মো. মুশফিকুর রহমান, রেজি: নং ২০১৫-০৫-৩৬৪৭ ডেয়রি এন্ড পোল্ট্রি সায়েন্স বিভাগ এর শিক্ষা কার্যক্রমের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (ঘ): ডেয়রি এন্ড পোল্ট্রি সায়েন্স বিভাগে এমএস প্রোগ্রামে অধ্যয়নরত ছাত্র মো. মুশফিকুর রহমান, রেজি: নং ২০১৫-০৫-৩৬৪৭ এর ০২/০৪/২০২৩ তারিখের আবেদনে সংশ্লিষ্ট মেজর প্রফেসর, বিভাগীয় প্রধান এবং ডীন মহোদয়ের সুপারিশের প্রেক্ষিতে পুন:ভর্তি সাপেক্ষে তার শিক্ষা কার্যক্রমের মেয়াদ ০১ (এক) টার্ম (সামার ২০২৩) বৃদ্ধি করা হলো।

(ঙ): আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামের শাহ্ পরান, রেজি: নং ১৯-০৫-৪৯৪৩, কৃষি অনুষদ এর টার্ম ড্রপ ও বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (ঙ): একাডেমিক আইনগত দিক যাচাই-বাছাইরকত: পরবর্তীতে উপস্থাপন করা হবে।

(চ): আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামের সারাবান তাহরা, রেজি: নং ১৯-০৫-৫০৮৯, ফিশারিজ অনুষদ এর টার্ম ড্রপ প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (চ): বিএস (ফিশারিজ) প্রোগ্রামে সামার ২০১৯ টার্মে ভর্তিকৃত ছাত্রী সারাবান তাহরা, রেজি: নং ১৯-০৫-৫০৮৯ আট মাসের অন্ত:সত্বা এবং তার প্রসবকালীন সম্ভাব্য তারিখ ২২/০৬/২০২৩ হওয়ায় তার আবেদন ও ডীন মহোদয়ের সুপারিশের প্রেক্ষিতে অটাম ২০২২ টার্ম ড্রপের অনুমোদন দেয়া হলো।

(ছ) অটাম ২০২২ টার্মের এমএস ও পিএইচডি প্রোগ্রামের ফাইনাল পরীক্ষার ফলাফল অনুমোদন ও ডিগ্রি প্রদান প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (ছ): অটাম ২০২২ টার্মে অনুষ্ঠিত চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে এমএস প্রোগ্রামে ৩০ (ত্রিশ) জন এবং পিএইচডি প্রোগ্রামে ০২ (দুই) জন সর্বমোট ৩২ (বত্রিশ) জন ছাত্র-ছাত্রী তাদের প্রয়োজনীয় পাঠক্রম সাফল্যজনকভাবে সম্পন্ন করে এডভাইজরি কমিটির প্রত্যয়নের প্রেক্ষিতে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। ডীন মহোদয়গণ থিসিস শিরোনাম যাচাই করে প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত ফলাফল অনুমোদন ও ডিগ্রি প্রদানের নিমিত্তে সিন্ডিকেটের অনুমোদনের লক্ষ্যে সুপারিশ করা হলো।

অতঃপর সভাপতি মহোদয় অংশগ্রহণকারী সম্মানিত সদস্যগণের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনাপূর্বক ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

09.05.2023

(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার
ও
সচিব
বশেমুরকৃবি একাডেমিক কাউন্সিল

09/06/202

(প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া)
ভাইস-চ্যান্সেলর
ও
সভাপতি
বশেমুরকৃবি একাডেমিক কাউন্সিল

বিতরণ:

১. প্রফেসর/ড./জনাব ...., সভাপতি/ সদস্য/সচিব, একাডেমিক কাউন্সিল, বশেমুরকৃবি।
২. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়, বশেমুরকৃবি।
৩. জ্যেষ্ঠ কর্মকর্তা, সকল অনুষদ, বশেমুরকৃবি।
৪. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, বশেমুরকবি।
৫. পিএস টু ভিসি, ভিসি কার্যালয়, বশেমুরকৃবি।
৬. অফিস কপি/মাস্টার কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬

স্মারক নং-বশেমুরকৃবি/কাউন্সিল/এফ-১১২/২০২৩/১১৬৫ তারিখ: ০২/০৫/২০২৩

একাডেমিক কাউন্সিল এর ৩০/০৪/২০২৩ তারিখ বেলা ৩:১৫ ঘটিকায় অনুষ্ঠিত ১৪৩তম (জরুরী) সভার কার্যবিবরণী।

একাডেমিক কাউন্সিল এর ১৪৩তম (জরুরী) সভা ৩০/০৪/২০২৩ তারিখ বেলা ৩:১৫ ঘটিকায় মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া এর সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। অত:পর তিনি রেজিস্ট্রার মহোদয়কে কার্যপত্র অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-১ (ক): ৪র্থ সমাবর্তন এ গ্র্যাজুয়েটগণের রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যাদি অবহিতকরণ প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (ক) : বশেমুরকৃবি'র ৪র্থ সমাবর্তন এর জন্য সর্বমোট ১৩০০ (এক হাজার তিনশত) জন গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। রেজিস্ট্রেশনের নিম্নোক্ত তথ্যাদি একাডেমিক কাউন্সিল সভা অবহিত হলো।

ডিগ্রি'র নাম	অনুষদ	ডিগ্রি সম্পন্নকারী গ্র্যাজুয়েটের সংখ্যা	রেজিস্ট্রেশনকৃত গ্র্যাজুয়েট সংখ্যা	মন্তব্য
পিএইচডি	গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ	৩৫ জন	২০ জন	২০৬ জন
এমএস		৪৪৭ জন	১৮৬ জন	
বিএস/ডিভিএম	কৃষি অনুষদ	৩৬৩ জন	৩০৭ জন	৮৬৯ জন
	ফিশারিজ অনুষদ	১৯৪ জন	১৬১ জন	
	এফভিএমএএস	২০৩ জন	১৬৩ জন	
	এইআরডি অনুষদ	২৯২ জন	২৩৮ জন	
উভয় ডিগ্রি সম্পন্ন করেছে		৩৯৩ জন	২২৫ জন	২২৫ জন
মোট গ্র্যাজুয়েট =		১৯২৭ জন	১৩০০ জন	
সর্বমোট সনদপত্র =		২৩২০ টি	রেজিস্ট্রেশনকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা= ১৩০০ জন	১৩০০ জন

(খ): ৪র্থ সমাবর্তন এ সমাবর্তন বক্তা'র সংক্ষিপ্ত জীবনী অবহিতকরণ প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (খ): প্রফেসর ড. শৌভিক ভট্টাচার্য্য মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সিনসিনাটি বিশ্ববিদ্যালয় থেকে এমএস এবং টেক্সাস এ এন্ড এম বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। অত:পর তিনি টেক্সাস এ এন্ড এম বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট-ডক্টরাল গবেষণা সম্পন্ন করেন। প্রফেসর ড. শৌভিক ভট্টাচার্য্য ভারতের টিসিজি সেন্টার্স অব রিসার্চ এন্ড এডুকেশন ইন সায়েন্স এন্ড টেকনোলজি এর প্রিন্সিপাল একাডেমিক এডভাইজর হিসেবে দায়িত্ব পালন করছেন। ইতিপূর্বে তিনি যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত এবং বিরলা ইনস্টিটিউট অব টেকনোলজি এন্ড সায়েন্স, পিলানি (রাজস্থান), গোয়া, হায়দ্রাবাদ, ভারত এর ভাইস-চ্যান্সেলর এর দায়িত্ব পালন করেছেন। তিনি ভারতীয় বিজ্ঞান একাডেমীর একজন সম্মানিত ফেলো। একাডেমিক কাউন্সিলের সদস্যগণ প্রফেসর ড. শৌভিক ভট্টাচার্য্য এর সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত সম্পর্কে অবহিত হয়ে তাঁকে ৪র্থ সমাবর্তন এ সমাবর্তন বক্তা হিসেবে আমন্ত্রণ জানানোয় সন্তোষ প্রকাশ করেন।

আলোচ্যসূচি-গ: ৪র্থ সমাবর্তন এ সনদপত্রের ক্রমিক নম্বরের ধারাবাহিকতা অবহিতকরণ ও অনুমোদন প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (গ): বশেমুরকৃবি'র ৪র্থ সমাবর্তন উদযাপন উপলক্ষে গ্র্যাজুয়েটগণের সনদপত্রের ক্রমিক নম্বর শিক্ষাবর্ষ ভিত্তিক করা হয়েছে যা অবহিত করা হলো এবং ভবিষ্যতে এ ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়টি অনুমোদনসহ ছাত্র-ছাত্রীদের ফলাফল প্রকাশের পরপরই তাদের মূল সনদপত্রের ক্রমিক নম্বর নির্ধারণ করে রাখার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচি-ঘ: একাডেমিক ক্যালেন্ডার সংশোধন প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ (ঘ): বশেমুরকৃবি'র ৪র্থ সমাবর্তন আগামী ১৩/০৫/২০২৩ তারিখ শনিবার অনুষ্ঠিত হবে। এতদপ্রেক্ষিতে মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে ডীন মহোদয়গণের ১৬/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সমাবর্তন সংক্রান্ত প্রস্তুতি ও উদযাপন পরবর্তী আনুষ্ঠানিকতা সম্পন্ন করণার্থে আগামী ১১/০৫/২০২৩ ও ১৪/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ যথাক্রমে ১৭/০৫/২০২৩ এবং ১৮/০৫/২০২৩ তারিখে পূর্ব নির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বর্ণিত সময়সূচি মোতাবেক একাডেমিক ক্যালেন্ডার সংশোধনপূর্বক সিন্ডিকেটের চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে সুপারিশ করা হলো।

অতঃপর সভাপতি মহোদয় অংশগ্রহণকারী সম্মানিত সদস্যগণের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনাপূর্বক ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02.05.2023

(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার
ও
সচিব
বশেমুরকৃবি একাডেমিক কাউন্সিল

02/05/2023

(প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া)
ভাইস-চ্যান্সেলর
ও
সভাপতি
বশেমুরকৃবি একাডেমিক কাউন্সিল

বিতরণ:

১. প্রফেসর/ড./জনাব ...., সভাপতি/ সদস্য/সচিব, একাডেমিক কাউন্সিল, বশেমুরকৃবি।
২. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়, বশেমুরকৃবি।
৩. জ্যেষ্ঠ কর্মকর্তা, সকল অনুষদ, বশেমুরকৃবি।
৪. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, বশেমুরকবি।
৫. পিএস টু ভিসি, ভিসি কার্যালয়, বশেমুরকৃবি।
৬. অফিস কপি/মাস্টার কপি।